সার্কুলার নংঃ বিজিএ/কাস/২০২৪/ ১১৯ তারিখঃ ১৫/০৬/২০২৪

## সম্মানিত সকল সদস্যের জন্য

**বিষয়ঃ বাণিজ্যিকভাবে (IM-4) আমদানিকৃত পণ্য খালাসের জন্য আমদানিকারকের মনোনীত সিএন্ডএফ এজেন্টদের তালিকা অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে সংযুক্তকরণ প্রসঙ্গে।**

**সূত্রঃ (ক)** ঢাকা কাস্টম হাউসের নথি নং ৫-কাস-১২(০৩)/কা:অ:/NBR বিবিধ/২৩/৭১৯৫, তারিখ: ০৯/০৬/২০২৪।
**(খ)** জাতীয় রাজস্ব বোর্ডের নথি নং ০৮.০১.০০০০.০৬৬.০৬.০০২.২২/১৭৯, তারিখ: ০৪/০৬/২০২৪।
**(গ)** বিজিএমইএ'র সার্কুলার নং বিজিএ/কাস/২০২৩/২৫০, তারিখ: ৩১/১০/২০২৩।

আপনাদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জালিয়াতির মাধ্যমে পণ্য খালাস প্রক্রিয়া বন্ধকরণের লক্ষ্যে বাণিজ্যিকভাবে (IM-4) আমদানিকৃত পণ্য খালাসের নিমিত্তে আমদানিকারকের মনোনীত সিএন্ডএফ এজেন্টের তালিকা এ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে আগামী ১৯/০৬/২০২৪ইং তারিখের মধ্যে সংযুক্তকরণের জন্য নির্দেশনা জারী করা হয়েছে (সূত্র ক ও খ)।

সূত্রোক্ত 'গ' সার্কুলারের মাধ্যমে পূর্বে এ'বিষয়ে আপনাদেরকে বিস্তারিত জানানো হয়েছে।

প্রয়োজনীয় কার্যার্থে সূত্রোক্ত জাতীয় রাজস্ব বোর্ড ও ঢাকা কাস্টম হাউসের নির্দেশনার কপি এতদ্‌সঙ্গে সংযুক্ত করা হলো এবং নির্ধারিত সময়ের মধ্যে কার্যটি সম্পাদনের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

ধন্যবাদান্তে,

১৫/৬/২০২৪

**মোঃ ফয়জুর রহমান**
মহাসচিব

BGMEA DHAKA
Administration | Gas & Electricity
Accounts | Health
Arbitration | Insurance
Customs | Labour
CMC | Membership
C & M | MIS
Communication | PR
Fair | TFC
Fire & Safety | SDP 3825
Signature:
Dispatch No | Date

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টম হাউস, ঢাকা
www.dch.gov.bd

নথি নং: ৫-কাস-১২(০৩)/কা:অ:/NBR বিবিধ/২৩/৭৯৯৫ তারিখ: ০৭/০৬/২০২৪ খ্রি:

**বিষয়: আমদানিকারকের মনোনীত সিএন্ডএফ এজেন্টদের তালিকা এ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে সংযুক্তিকরণের নির্দেশনা (IM-4)**

সূত্র: ১. জাতীয় রাজস্ব বোর্ডের পত্র স্মারক নং ০৮.০১.০০০০.০৬৬.০৬.০০২.২২/১৫৫, তারিখ: ১৫/০৫/২০২৪ খ্রি:
২. জাতীয় রাজস্ব বোর্ডের পত্র স্মারক নং ০৮.০১.০০০০.০৬৬.০৬.০০২.২২/১৭৯, তারিখ: ০৪/০৬/২০২৪ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রদ্বয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। সূত্রোক্ত পত্রসমূহের মাধ্যমে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক IM-4 সুবিধায় এ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে আমদানিকারকের মনোনীত সিএন্ডএফ এজেন্টদের তালিকা সংযুক্তিকরণের সময়সীমা আগামী ১৯/০৬/২০২৪ খ্রি: তারিখ পর্যন্ত নির্ধারণ করা হয়েছে। উল্লিখিত সময়ের পর সংযুক্তি নেই এমন সিএন্ডএফ এজেন্টগণ অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে কার্যক্রম গ্রহণ করতে পারবেন না।

০৩। বিষয়টি আপনার অবগতি ও পরবর্তী কার্যার্থে প্রেরণ করা হলো।

সংযুক্তি; ০২ পাতা।

০৭/০৬/২৪
সিফাত-ই-মরিয়ম
যুগ্ম কমিশনার
কাস্টম হাউস, ঢাকা
কমিশনারের পক্ষে
ফোন: ০২-৮৯০১৫৭৭
e-mail: dch@nbr.gov.bd

সভাপতি
বিজিএমইএ
বিজিএমইএ কমপ্লেক্স, বাড়ি: ৭/৭এ, সেক্টর: ১৭,
ব্লক: এইচ ১, উত্তরা, ঢাকা-১২৩০

নথি নং: ৫-কাস-১২(০৩)/কা:অ:/NBR বিবিধ/২৩ তারিখ: /০৬/২০২৪ খ্রি:

**অনুলিপি (সদয় অবগতির জন্য)**
১. অতিরিক্ত কমিশনার, কাস্টম হাউস, ঢাকা।
২. যুগ্ম কমিশনার (সকল), কাস্টম হাউস, ঢাকা।
৩. সহকারী/ডেপুটি কমিশনার (সকল), কাস্টম হাউস, ঢাকা।
৪. পিএ টু কমিশনার, কাস্টম হাউস, ঢাকা (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।

সিফাত-ই-মরিয়ম
যুগ্ম কমিশনার

২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
আগারগাঁও, ঢাকা
**[কাস্টমস অটোমেশন শাখা]**

নথি নম্বর: ০৮.০১.০০০০.০৬৬.০৬.০০২.২২/১৭৯ তারিখ: ০৪.০৬.২০২৪ খ্রি.

বিষয়: **শুল্কায়ন কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ এবং জাল-জালিয়াতি প্রতিরোধে আমদানিকারকের মনোনীত সিএন্ডএফ এজেন্টদের তালিকা অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে সংযুক্তিকরণের নির্দেশনা।**

সূত্র: ১। জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং- ০৮.০১.০০০০.০৬৬.০৬.০০২.২২/৬৬৯; তারিখ: ১৫.১০.২০২৩ খ্রি.;
২। জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং- ০৮.০১.০০০০.০৬৬.০৬.০০২.২২/৭৪৯; তারিখ: ২৯.১১.২০২৩ খ্রি.;
৩। জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং- ০৮.০১.০০০০.০৬৬.০৬.০০২.২২/৯৮; তারিখ: ২৫.০৩.২০২৪ খ্রি.;
৪। জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং- ০৮.০১.০০০০.০৬৬.০৬.০০২.২২/১৫৫; তারিখ: ১৫.০৫.২০২৪ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রসমূহের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমের মাধ্যমে শুল্কায়ন কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ ও জাল-জালিয়াতির মাধ্যমে পণ্য খালাসের বিষয়টি প্রতিরোধ করার লক্ষ্যে সূত্রোক্ত পত্রসমূহের মাধ্যমে আমদানিকারকের বিপরীতে মনোনীত সিএন্ডএফ এজেন্টদের অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে সংযুক্তকরণের নির্দেশনা জাতীয় রাজস্ব বোর্ড হতে প্রদান করা হয়। ইতোমধ্যে বন্ড সুবিধায় আমদানিকৃত (IM-7) পণ্যচালান ছাড়করণের ক্ষেত্রে আমদানিকারক কর্তৃক সিএন্ডএফ এজেন্টদের অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে সংযুক্তকরণের কার্যক্রম সফলতার সাথে সম্পাদিত হয়ে আসছে এবং জাল-জালিয়াতি প্রতিরোধ করা সম্ভব হয়েছে।

২। কিন্তু শুল্ক করাদি পরিশোধকরে পণ্য খালাসের (IM-4) ক্ষেত্রে আমদানিকৃত পণ্যের আমদানিকারকের বিপরীতে মনোনীত সিএন্ডএফ এজেন্টদের সংযুক্তকরণের কার্যক্রম অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে এখনও পূর্নাঙ্গভাবে সম্পন্ন না হওয়াতে প্রায়শঃ জাল-জালিয়াতির ঘটনা ঘটছে। সূত্রোক্ত ২ নং পত্রের মাধ্যমে IM-4 এর আওতায় আমদানিকৃত পণ্যের আমদানিকারকের বিপরীতে মনোনীত সিএন্ডএফ এজেন্টদের অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে সংযুক্তকরণের কার্যক্রম সহজীকরণের লক্ষ্যে https://bdcams.bdcustoms.gov.bd ওয়েবসাইটটির মাধ্যমে আবেদনের নির্দেশনা প্রদান করা হয় (কপি সংযুক্ত)। উক্ত ওয়েবসাইটের মাধ্যমে খুব সহজেই একজন আমদানিকারক তার আমদানিতব্য পণ্যচালানের জন্য এক বা একাধিক সিএন্ডএফ এজেন্ট মনোনীত করার লক্ষ্যে অনলাইনের মাধ্যমে আবেদন করতে পারেন। সংশ্লিষ্ট কাস্টমস অফিসসমূহ হতে যাচাই বাছাই সাপেক্ষে দ্রুততম সময়ে অনলাইনের মাধ্যমেই এক্ষেত্রে সংযুক্তিকরণ সম্পাদন করা যায়। এছাড়া, সংযুক্তকরণের সর্বশেষ অবস্থা ওয়েবসাইট হতেই জানা যায়। কিন্তু যথাযথ নির্দেশনা থাকা স্বত্তেও IM-4 এর আওতায় আমদানিকৃত পণ্যের আমদানিকারকের বিপরীতে মনোনীত সিএন্ডএফ এজেন্টদের অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে সংযুক্তকরণের কার্যক্রম এখনও আশানুরূপ পর্যায়ে পৌছায়নি। মনোনীত আমদানিকারক কর্তৃক এজেন্ট সংযুক্তকরণের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন না হলে জাল-জালিয়াতির মাধ্যমে পণ্য খালাসের আশঙ্কা থেকে যায়, যা জাতীয় রাজস্ব সুরক্ষায় ঝুঁকিপূর্ণ। সংযুক্তকরণের বিষয়টির সহায়ক নির্দেশিকা ইউটিউব লিংক (https://www.youtube.com/watch?v=QsqwPU7RLL4) এ প্রবেশের মাধ্যমে পাওয়া যাবে।

২। এমতাবস্থায় IM-4 এর আওতায় পণ্য খালাস করা হয় এমন আমদানীকারকে তাদের মনোনীত সিএন্ডএফ প্রতিষ্ঠান/প্রতিষ্ঠানসমূহকে অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে সংযুক্তকরণের বিষয়টি নির্ধারিত সময়সীমার মধ্যে সম্পন্ন করার লক্ষ্যে আপনার চেম্বার/অ্যাসসিয়েশনভুক্ত সদস্যদের অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। বিষয়টি অতীব জরুরী বিবেচ্য।

০৪/০৬/২০২৪

**[মো: আবদুল কাইয়ুম]**
দ্বিতীয় সচিব (কাস্টমস: অটোমেশন)
ই-মেইল: ss.asycuda@gmail.com

সার্কুলার নংঃ বিজিএ/কাস/২০২৩/ ২৫০

তারিখঃ ৩১/১০/২০২৩

## সম্মানিত সকল সদস্যের জন্য

**বিষয়ঃ বাণিজ্যিকভাবে (IM-4) আমদানিকৃত পণ্য খালাসের জন্য আমদানিকারকের মনোনীত সিএন্ডএফ এজেন্টদের তালিকা অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে সংযুক্তকরণ প্রসঙ্গে।**

সূত্রঃ (ক) জাতীয় রাজস্ব বোর্ডের নথি নং ০৮.০১.০০০০.০৬৬.০৬.০০২.২২/৬৬৯, তারিখ: ১৫/১০/২০২৩।
(খ) বিজিএমইএ'র সার্কুলার নং বিজিএ/কাস/২০২৩/২০১, তারিখ: ২৪/০৮/২০২৩।

আপনাদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জালিয়াতির মাধ্যমে পণ্য খালাস প্রক্রিয়া বন্ধকরণের লক্ষ্যে বাণিজ্যিকভাবে (IM-4) আমদানিকৃত পণ্য খালাসের নিমিত্তে আমদানিকারকের মনোনীত সিএন্ডএফ এজেন্টের তালিকা এ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে আগামী ১৫/১১/২০২৩ইং তারিখের মধ্যে সংযুক্তকরণের জন্য জাতীয় রাজস্ব বোর্ড সূত্রোক্ত 'ক' নির্দেশনা জারী করেছে।

ইতিপূর্বে বন্ড সুবিধার আওতায় (IM-7) আমদানিকৃত পণ্য খালাসের নিমিত্তে আমদানিকারকের মনোনীত সিএন্ডএফ এজেন্টের তালিকা এ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে সংযুক্তকরণের জন্য বিজিএমইএ হতে সূত্রোক্ত 'খ' সার্কুলার জারী করা হয়েছে।

উল্লেখ্য, যে সকল প্রতিষ্ঠান ইতিমধ্যে বন্ড সুবিধার আওতায় (IM-7) আমদানিকৃত পণ্য খালাসের জন্য সিএন্ডএফ এজেন্টের তালিকা এ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে সংযুক্ত করেছেন তারা যদি উক্ত সিএন্ডএফ এজেন্ট দিয়ে বাণিজ্যিকভাবে (IM-4) আমদানিকৃত পণ্য খালাস করতে আগ্রহী হন, তাহলে তা লিখিত আবেদনের মাধ্যমে সংশ্লিষ্ট কাস্টম হাউস'কে অবগত করার জন্য জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক মৌখিকভাবে জানানো হয়েছে।

আপনাদের প্রয়োজনীয় কার্যার্থে সূত্রোক্ত পত্রদ্বয় এতদ্‌সঙ্গে সংযুক্ত করা হলো এবং নির্ধারিত সময়ের মধ্যে কার্যটি সম্পাদনের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

ধন্যবাদান্তে,

৩১/১০/২০২৩

মোঃ ফয়জুর রহমান
মহাসচিব


BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION
বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি
• বাংলাদেশে তৈরি •

BGMEA Complex, House # 7/7A, Block # H-1, Sector # 17, Uttara, Dhaka-1230, Bangladesh. Tel: +880 9638012345 | Hotline: +88 017 3044 2211 | E-mail: info@bgmea.com.bd | Web: www.bgmea.com.bd
**Regional Office:** BGMEA Bhaban (Level- 4 & 5), 669/E, Jhautala Road, South Khulshi, Chattogram. Tel: +880-2333379125-7 (PABX) | Fax: +880-2333379127 | E-mail: info@bgmeactg.org